দৈনিক সংবাদ

তারিখ 09 JAN 1984
পৃষ্ঠা 1 কলাম ৮



# রাজধানীর স্কুলগুলোতে ভর্তি পরীক্ষা শুরু

(নিজস্ব বার্তা পরিবেশক)

রাজধানীর সরকারী ও বেসরকারী সকল স্কুলে অভিভাবকদের উদ্বেগ-উৎকন্ঠার মধ্য দিয়ে গতকাল শুক্রবার ভর্তি পরীক্ষা শুরু হয়েছে। গতকাল ছাত্রীদের পরীক্ষা নেয়া হয়েছে। আজ নেয়া হবে ছাত্রদের পরীক্ষা।

নগরীর বিভিন্ন স্কুলের সামনে গতকাল উদ্বিগ্ন অভিভাবকদের প্রচণ্ড ভিড় চোখে পড়ে। যেসব স্কুলের মোটামুটি সুনাম রয়েছে সেগুলোতেই ভিড় সবচেয়ে বেশী। ভর্তির জন্য খালি আসনের তুলনায় ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের সংখ্যা বহুগুণ বেশী।

শিক্ষা বিভাগের নির্দেশে রাজধানীর প্রতিটি মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক স্কুলে একযোগে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। সরকারী-বেসরকারী প্রায় ৩০৭টি স্কুলে এই ভর্তি পরীক্ষা নেয়া হচ্ছে।

ভাল স্কুলে ছেলে মেয়েদের ভর্তি করা নিয়ে অভিভাবকরা উদ্বিগ্ন। কারণ সবকটি স্কুলে একযোগে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ায় একই প্রার্থীর জন্যে বিভিন্ন স্কুলে পরীক্ষায় অংশ নেয়া সম্ভব হচ্ছে না। এমনিতেই রাজনৈতিক গোলযোগের কারণে ভর্তির ব্যাপারটা একটু অনিশ্চিত হয়ে পড়েছিল। নতুন ব্যবস্থার কারণে অনেকের জন্যে ভর্তির ব্যাপারটা আবারও অনিশ্চিত হয়ে পড়ল।

হলিক্রস স্কুল, উদয়ন স্কুল, ভিখারুন্নেছা নুন বালিকা বিদ্যালয়, অগ্রণী বালিকা বিদ্যালয়, উইলিস লিটল ফ্লাওয়ার স্কুল, লিটল

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## ভর্তি পরীক্ষা শুরু

(১ম পাতার পর)

জুয়েলসসহ নামকরা স্কুলগুলোতে এবার বিপুল সংখ্যক ভর্তিচ্ছুর ভিড় হয়েছে। ভর্তি পরীক্ষা শুরু হয় সকাল ৯টায়। তবে বেশ সকাল থেকেই অভিভাবকরা মেয়েদের নিয়ে স্কুলগুলোতে আসতে থাকেন। মা-বাবারা উদ্বিগ্ন আর শিশুরা ভীত সন্ত্রস্ত। যারা ভর্তি হতে এসেছে তাদের অনেকেই এই প্রথম বিদ্যালয় প্রাঙ্গণে পা রাখলো। স্বভাবতই তারা ছিল জড়সড়। কিন্তু মাদের অবস্থা আরো সঙ্গীন। পরীক্ষা চলাকালে সারাক্ষণ তারা অস্থিরভাবে পায়চারি ও ছোটাছুটি করেছেন।